# ভর্তি নির্দেশিকা

## ২০২৬



# দারুননাজাত সিদ্দীকিয়া কামিল মাদরাসা

সারুলিয়া, ডেমরা, ঢাকা।
০১৩০৯১০৭৯০৬
darunnazat90@gmail.com
https://dskm.ac.bd

# এক নজরে মাদরাসা পরিচিতি

## অবস্থান

ঢাকা মেট্রোপলিটন এলাকার ডেমরা থানাধীন ডি.এন.ডি. প্রজেক্টের ভিতরে সারুলিয়া বাজার ও ঢাকা-চট্টগ্রাম মহাসড়কের মধ্যবর্তী স্থানে শুকুরসী গোরস্থান সংলগ্ন প্রায় দুই একর জমির ওপর নৈসর্গিক মনোরম পরিবেশে মাদরাসাটির অবস্থান।

## প্রতিষ্ঠার ইতিহাস

১৯৮৮ সালে ডেমরার করিম জুট মিলস লি. এর পেশ ইমাম আলহাজ্জ মাওলানা রূহুল আমীন সাহেবের নেতৃত্বে এলাকার ১৫ জন বিশিষ্ট ব্যক্তি হজ্জব্রত পালনে যান এবং হজ্জ পালন শেষে কাবা শরীফের চত্বরে বসে শুকুরসী গোরস্থানের পাশে একটি দ্বীনী মাদরাসা প্রতিষ্ঠার পরিকল্পনা গ্রহণ করেন। মদীনা শরীফে গিয়েও তাঁরা মাদরাসার জন্য দোয়া করেন। এ পরিকল্পনা মোতাবেক ১৯৮৮ সালের সেপ্টেম্বর মাসে ফুরফুরা দরবার শরীফের মুজাদ্দিদে জামান হযরত মাওলানা আবু বকর সিদ্দীকি আল কুরাইশী (রহ.) এর দৌহিত্র পীরে কামেল আলহাজ্জ মাওলানা আবুল মোহাম্মাদ আব্দুল ক্বাহহার সিদ্দীকি (রহ.) মুজাদ্দিদে জামানের নামের সাথে মিলিয়ে নামকরণ করে দারুননাজাত সিদ্দীকিয়া কামিল মাদরাসার ভিত্তিপ্রস্তর স্থাপন করেন।

## লক্ষ্য-উদ্দেশ্য

আধুনিক শিক্ষার সাথে সমন্বয় রেখে আউলিয়ায়ে কেরামের অনুসৃত পথে কুরআন-সুন্নাহর আদর্শ অনুসরণের মাধ্যমে আল্লাহভীরু, সৎ ও দক্ষ জনশক্তি গড়ে তোলাই দারুননাজাত সিদ্দীকিয়া কামিল মাদরাসার লক্ষ্য।

## মাদরাসার বৈশিষ্ট্য

- দলীয় রাজনীতিমুক্ত পরিবেশ।
- মাদ্রাসা শিক্ষার সাথে আধুনিক শিক্ষার সমন্বয়।
- সুন্নাতে নববীর পূর্ণ অনুসরণ।
- শীতাতাপ নিয়ন্ত্রিত ক্লাস রুম।
- সাপ্তাহিক আলোচনা সভা, বিতর্ক, সাধারণ জ্ঞান ও রচনা প্রতিযোগিতা ইত্যাদির মাধ্যমে শিক্ষার্থীদের প্রতিভার বিকাশ।
- মডেল পরীক্ষা ও সেমিস্টার পদ্ধতিতে পরীক্ষা গ্রহণ।
- আমলী ও মৌখিক পরীক্ষা ব্যবস্থা।
- ইসলামী শিষ্টাচার শিক্ষা ও বাস্তবে প্রয়োগ বাধ্যতামূলক।
- আরবী ও ইংরেজি ভাষা শিক্ষায় বিশেষ গুরুত্বারোপ।
- ইসলামী সংস্কৃতি অনুশীলনের মাধ্যমে চিত্ত বিনোদনের ব্যবস্থা।
- পরিকল্পিত ও যুগোপযোগী ব্যবস্থাপনা।

## পাঠ্যক্রম

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় ও বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড অনুমোদিত সিলেবাসসহ আরবী ও ইংরেজি ভাষায় দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে আরবীতে ৩০০ নম্বর (নাহু-ছরফ-আদব) এবং ইংরেজিতে ৩০০ নম্বর (ইংরেজি ১ম ও ২য় পত্র) পড়ানো হয়। বিশুদ্ধ কুরআন তেলাওয়াতের জন্য তা'লীমুল কুরআন বিভাগের অধীনে নূরানী পদ্ধতিতে কুরআন শিক্ষার বিশেষ ব্যবস্থা রয়েছে। ব্যবহারিক জীবনে ইসলামি অনুশাসন পালনের জন্য সহজ ফিকহ ও সাধারণ জ্ঞানের পুস্তক নির্ধারিত পাঠ্য তালিকার অন্তর্ভুক্ত। এছাড়া ৪র্থ থেকে আলিম জামাত পর্যন্ত প্রতিটি পরীক্ষায় ১০০ নম্বরের কুরআন মাজীদ (তাজভীদসহ বিশুদ্ধ পঠন ও মুখস্থকরণ) বিষয়ে মৌখিক পরীক্ষার ব্যবস্থা রয়েছে।

### স্তরভিত্তিক প্রতিষ্ঠাকাল

| স্তর | বিভাগ | প্রতিষ্ঠাকাল |
|---|---|---|
| ১. ইবতেদায়ি | ইবতেদায়ি (প্রাথমিক) | ০১ জানুয়ারি, ১৯৯০ |
| ২. দাখিল (মাধ্যমিক) | সাধারণ বিভাগ | ০১ জানুয়ারি, ১৯৯২ |
| | বিজ্ঞান বিভাগ | ০১ জানুয়ারি ২০০১ |
| | ব্যবসায় শিক্ষা (২০২৬ শিক্ষাবর্ষ থেকে চালু হবে) | ০১ জানুয়ারি ২০২৬ |
| ৩. আলিম (উচ্চ মাধ্যমিক) | সাধারণ বিভাগ | ০১ জুলাই, ১৯৯৫ |
| | বিজ্ঞান বিভাগ | ০১ জুলাই, ২০০৪ |
| ৪. ফাযিল (স্নাতক) পাস (৩ বছর মেয়াদী) | ফাযিল (স্নাতক) পাস | ০১ জুলাই, ১৯৯৮ |
| ৫. কামিল (স্নাতকোত্তর) (২ বছর মেয়াদী) | হাদিস বিভাগ | ০১ জুলাই, ২০০৪ |
| | ফিকহ বিভাগ | ২৯ নভেম্বর, ২০১৬ |
| | তাফসির বিভাগ | ২৫ জুলাই, ২০১৮ |
| | আদব বিভাগ | ০৭ মার্চ, ২০২২ |

| স্তর | বিভাগ | প্রতিষ্ঠাকাল |
| --- | --- | --- |
| ৬. ফাযিল (স্নাতক) অনার্স (৪ বছর মেয়াদী) | আল-কুরআন এ্যাণ্ড ইসলামিক স্টাডিজ বিভাগ | ০৫ সেপ্টেম্বর, ২০১০ |
| | আল-হাদীস এ্যাণ্ড ইসলামিক স্টাডিজ বিভাগ | ০৫ সেপ্টেম্বর, ২০১০ |
| | আদ-দাওয়াহ এ্যাণ্ড ইসলামিক স্টাডিজ বিভাগ | ০৭ মার্চ ২০২২ |
| | আরবী ভাষা ও সাহিত্য বিভাগ | ০৭ মার্চ ২০২২ |
| | ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগ | ০৭ মার্চ ২০২২ |
| | আল-ফিকহ এন্ড ইসলামিক স্টাডিজ) | ১৯ মার্চ, ২০২৪ |
| ৭. কামিল (স্নাতকোত্তর) মাস্টার্স (১ বছর মেয়াদী) | আল-কুরআন এ্যাণ্ড ইসলামিক স্টাডিজ বিভাগ | ২৭ আগস্ট, ২০১৭ |
| | আল-হাদীস এ্যাণ্ড ইসলামিক স্টাডিজ বিভাগ | ২৭ আগস্ট, ২০১৭ |
| | আদ-দাওয়াহ এ্যাণ্ড ইসলামিক স্টাডিজ বিভাগ | ১৯ মার্চ, ২০২৪ |
| | আরবী ভাষা ও সাহিত্য বিভাগ | ১৯ মার্চ, ২০২৪ |
| | ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগ | ১৯ মার্চ, ২০২৪ |
| | আল-ফিকহ এন্ড ইসলামিক স্টাডিজ | ১৯ মার্চ, ২০২৪ |

## সহ-পাঠ্যক্রম

একাডেমিক কার্যক্রমের পাশাপাশি ছাত্রদের মেধা বিকাশের জন্যে এখানে রয়েছে বহুমুখি কার্যক্রম। যেমন,

- সাপ্তাহিক আলোচনা সভা
- সাহিত্য মজলিস
- বিতর্ক প্রতিযোগিতা
- সাধারণ জ্ঞান প্রতিযোগিতা
- খতমে বুখারি মাহফিল
- বার্ষিক সাংস্কৃতিক অনুষ্ঠান (রেঁনেসা)
- বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা
- সাপ্তাহিক তারবিয়াতি জলসা
- সাংস্কৃতিক প্রতিযোগিতা
- বুখারী শরীফ খতম
- মিশকাত শরীফ খতম
- ইংরেজি গ্রামার প্রতিযোগিতা
- আরবী কাওয়ায়েদ প্রতিযোগিতা
- বাংলা ব্যাকরণ প্রতিযোগিতা
- নামাযের মাসআলা-মাসায়েল কুইজ প্রতিযোগিতা
- জীববিজ্ঞান কুইজ প্রতিযোগিতা
- বিভিন্ন জাতীয় ও ধর্মীয় দিবস উপলক্ষে আলোচনাসভা
- বিশেষ দু'আর অনুষ্ঠান
- বার্ষিক শিক্ষাসফর
- লেখক কর্মশালা
- তিরমিযী শরীফ খতম

## শাখা প্রতিষ্ঠানসমূহ

### দারুননাজাত মহিলা মাদরাসা

শিক্ষিত মায়েরাই পারে আদর্শ জাতি উপহার দিতে। তাই মেয়েদেরকে ধর্মীয় মূল্যবোধসম্পন্ন আদর্শ নাগরিক হিসেবে গড়ে তোলার লক্ষ্যে এই মাদরাসার রয়েছে একটি মহিলা শাখা। যা বর্তমানে কামিল জামাত পর্যন্ত স্বতন্ত্র ক্যাম্পাসে পূর্ণ পর্দার সাথে সম্পূর্ণ মহিলা শিক্ষিকা দ্বারা পরিচালিত।

### নেছারিয়া হিফজখানা

মহাগ্রন্থ আল কুরআন বিশুদ্ধভাবে মুখস্থ করার জন্য মাদরাসা ক্যাম্পাসে দারুননাজাত নেছারিয়া হিফজখানা চালু রয়েছে।

### দারুননাজাত তাখসীসি মাদরাসা

সুদক্ষ শিক্ষকদের বিশেষ তত্ত্বাবধানে ছাত্রদেরকে আমলদার, আখলাকী এবং আরবী কিতাবাদিতে যোগ্য আলিম তৈরির জন্য রয়েছে তাখসীসি সাদেস (৬ষ্ঠ) থেকে তাখসীসি কামিল পর্যন্ত বিশেষ বিভাগ। যা দারুননাজাত তাখসীসি মাদরাসা নামে পরিচিত। এখানে হাফেজ ছাত্রদের নিজস্ব সিলেবাস অনুসরণ করে ৮ম শ্রেণির উপযোগী হিসেবে গড়ে তোলার বিশেষ ব্যবস্থা রয়েছে।

### দারুননাজাত তাখসীসি কিতাব বিভাগ

তাখসীসি মাদরাসায় স্বতন্ত্র আয়োজনে ফাযিল-কামিল এবং অনার্স-মাস্টার্সের ছাত্রদের জন্য বিশেষ সিলেবাস অনুসরণ করে মাত্র ৪ বছরে দাওরায়ে হাদীস সমাপ্ত করা হয়। আসাসিয়্যাহ (ফাউন্ডেশন) স্তর : ৬ মাস, 'ইদাদিয়্যাহ (প্রস্তুতি) স্তর : ১ বছর, মুতাওয়াসসিতাহ (মাধ্যমিক) স্তর : ১ বছর, সানাভিয়্যাহ (উচ্চ মাধ্যমিক) স্তর : ১ বছর, উলইয়া (উচ্চশিক্ষা) স্তর (দাওরায়ে হাদীস) : ১ বছর, এছাড়া দাওরায়ের হাদীস সমাপ্ত করার পর ফিকহ ও ইফতা, উলূমুল হাদীস, আকিদা ওয়াল ফিরাক, তাফসীর, দাওয়াহ ও ইরশাদ এবং আরবী সাহিত্য ইত্যাদি বিষয়ের উপর ১ বছর মেয়াদী তাখাসসুস কোর্স রয়েছে।

## তাখসীসি ইলমুল কুরআন বিভাগ

দারুননাজাত তাখসীসি মাদরাসার একটি স্বতন্ত্র বিভাগ হচ্ছে 'তাখসীসি ইলমুল কুরআন বিভাগ'। এখানে সফফুল আতফাল (শিশু শ্রেণি) থেকে আসসফফুল খামেস (৫ম শ্রেণি) পর্যন্ত পাঠদান করা হয়।

## দারুননাজাত মাদরাসা কিতাব বিভাগ

৯ম থেকে কামিল পর্যন্ত শিক্ষার্থীদেরকে সম্পূর্ণ আবাসিকভাবে ৩৫জনের সীমিত আসনে বিশেষ তত্ত্বাবধানে রেখে, কিতাবী যোগ্যতা ও ভালো ফলাফলের অপূর্ব সমন্বয়ের জন্য রয়েছে দারুননাজাত মাদরাসা কিতাব বিভাগ। আলিয়া ও কওমী মাদরাসার সিলেবাসাসের সমন্বয়ে আলেমে রাব্বানী গড়ার লক্ষ্যে প্রতিষ্ঠিত। এটি স্বতন্ত্র ক্যাম্পাসে আলাদা শিক্ষকদের মাধ্যমে পরিচালিত।

## হিফজুল কুরআন একাডেমি

শুধু হিফজ পড়তে গিয়ে যেসব শিক্ষার্থী বয়সে ও ক্লাসে পিছিয়ে পড়ে, এখানে তাদের জন্য হিফজের পাশাপাশি বাংলা, গণিত, ইংরেজি ও আরবী বিষয়ক পাঠদানের ব্যবস্থা রয়েছে। এছাড়াও যারা সিনিয়র ক্লাসে পড়ে, অথচ সময়মতো হিফজ পড়তে পারেনি, তাদের ক্লাসের পাশাপাশি হিফজের ব্যবস্থা থাকছে 'দারুননাজাত হিফজুল কুরআন একাডেমি'-তে। এখানে আরব বিশ্বের আদলে সার্বজনীন হিফজের ব্যবস্থাও রয়েছে।

## ছালেহিয়া ইয়াতিমখানা

পিতৃ-মাতৃহীন ও নিঃস্ব ছাত্রদের ভরণ-পোষণ ও জ্ঞানার্জনের সার্বিক ব্যবস্থার জন্য অত্র ক্যাম্পাসে রয়েছে ছালেহিয়া ইয়াতিমখানা।

## দবরুনাজাত জামে মসজিদ

ছাত্র-শিক্ষক ও এলাকাবাসীর জামায়াতে নামায আদায়ের নিমিত্তে মাদরাসা ক্যাম্পাসে মাদরাসার ব্যবস্থাপনায় রয়েছে সুদৃশ্য একটি জামে মসজিদ। অত্যাধুনিক ডিজাইনের পাঁচতলা বিশিষ্ট মসজিদটিতে পাঁচ সহস্রাধিক মুসল্লী একত্রে নামায আদায় করতে পারে। নামায আদায় ছাড়াও এ মসজিদে কুরআন শিক্ষা, ধর্মীয় আলোচনা সভা ও জিকির মাহফিলসহ বহুমুখি কার্যক্রম পরিচালিত হয়।

## গ্রন্থাগার

অত্র মাদরাসার অন্যতম বড় আকর্ষণ মূল্যবান ও দুষ্প্রাপ্য পুস্তক ও ইন্টারনেট সুবিধাসহ ৪৫টি বিষয়ের প্রায় ১৮ হাজার পুস্তক সমৃদ্ধ গ্রন্থাগার। ছাত্র ও শিক্ষকদের অধ্যয়ন ও গবেষণার জন্যে এ গ্রন্থাগারে সংরক্ষিত হয় বিভিন্ন দৈনিক, সাপ্তাহিক, মাসিক ও দেশি-বিদেশি বিভিন্ন ভাষার গবেষণামূলক জার্নাল।

## বিজ্ঞানাগার

যুগের চাহিদা অনুযায়ী অত্র মাদরাসায় দাখিল ও আলিম শ্রেণিতে বিজ্ঞান বিভাগ চালু রয়েছে। বিজ্ঞান বিভাগের শিক্ষার্থী ও শিক্ষকদের জন্য রয়েছে মানসম্মত একটি বিজ্ঞানাগার। আধুনিক যন্ত্রপাতি সম্বলিত এ বিজ্ঞানাগারে বিজ্ঞান বিভাগের ছাত্র ও শিক্ষকবৃন্দ বিজ্ঞান চর্চা করে থাকেন।

## কম্পিউটার ল্যাব

অত্র মাদরাসায় চালু রয়েছে দারুননাজাত ডিজিটাল ল্যাব। ১৭টি ল্যাপটপ বিশিষ্ট এ ল্যাবে শিক্ষার্থীরা নিয়মিত কম্পিউটার বিষয়ে প্রশিক্ষণ গ্রহণ করে থাকে।

## প্রকাশনা বিভাগ

লেখালেখির মাধ্যমে ছাত্রদের সুপ্ত প্রতিভা বিকাশে এ মাদরাসার রয়েছে একটি শক্তিশালী প্রকাশনা বিভাগ। এর অধীনে নিয়মিত প্রকাশিত হচ্ছে-

০১. মাসিক নতুন বিকাশ (নিয়মিত)
০২. صوت النجاة (ত্রৈমাসিক আরবী পত্রিকা)
০৩. Voice of Nazat (ত্রৈমাসিক ইংরেজি পত্রিকা)
০৪. বার্ষিকী
০৫. বার্ষিক কার্যক্রম
০৬. স্মৃতি স্মারক
০৭. একাডেমিক ক্যালেন্ডার
০৮. দেয়ালিকা (বাংলা, আরবী, ইংরেজি)
০৯. খতমে বুখারী স্মারক
১০. মাস্টার্স স্মারক
১১. অনার্স স্মারক
১২. খতমে মেশকাত স্মারক
১৩. শিক্ষাসফর স্মারক
১৪. দাখিল ও আলিম স্মৃতিস্মারকসহ বিষয়ভিত্তিক বিভিন্ন গ্রন্থ।

| | | |
|---|---|---|
| **শিক্ষক-কর্মচারি** | : | ১৮০ জন |
| **শিক্ষার্থী সংখ্যা** | : | ১৩ হাজার |
| **একাডেমিক ভবন** | : | সুবিশাল পাঁচ তলা অত্যাধুনিক একাডেমিক ভবন |
| **ছাত্রাবাস ভবন** | : | ২টি সাত তলা, ২টি ছয়তলা ও ২টি পাঁচতলা ভবনসহ অন্যান্য মোট ১৫টি |
| **বর্তমান সভাপতি** | : | ব্যারিস্টার এ.বি.এম. সিদ্দীকুর রহমান |
| **বর্তমান অধ্যক্ষ** | : | আবুল খায়ের মুহা. আবু বকর সিদ্দীক<br>বি.এ. অনার্স; এম.এ. (ঢাকা বিশ্ববিদ্যালয়); এম.এম. (১ম শ্রেণি) |

## পরীক্ষা পদ্ধতি

সফফুল আতফাল থেকে আসসফফুত তাসে পর্যন্ত অর্ধবার্ষিক ও বার্ষিক পরীক্ষা নামে দু'টি পরীক্ষা অনুষ্ঠিত হয়। উভয় পরীক্ষার পূর্বে একটি করে মডেল ক্লাস টেস্ট অনুষ্ঠিত হয়। বার্ষিক পরীক্ষায় পূর্ণ সিলেবাস থেকে পরীক্ষা গ্রহণ করা এবং সে অনুযায়ী ফলাফল প্রকাশ করা হয়। অর্ধবার্ষিক ও মডেল পরীক্ষার উত্তরপত্র মূল্যায়ন শেষে অভিভাবককে দেখানোর জন্য শিক্ষার্থীর নিকট প্রদান করা হয় এবং অভিভাবকের স্বাক্ষর শেষে উত্তরপত্র জমা গ্রহণ করা হয়। আসসফফুল আশের (১০ম শ্রেণি) এ অর্ধবার্ষিক ও নির্বাচনী নামে দু'টি পরীক্ষা অনুষ্ঠিত হয়। আলিম শ্রেণিতে মডেল, বর্ষসমাপনী এবং নির্বাচনী নামে ৩টি পরীক্ষা হয়। ফাযিল-কামিল শ্রেণিতে কেন্দ্রীয় পরীক্ষার পূর্বে নির্বাচনী পরীক্ষা গ্রহণ করা হয়। নির্বাচনী পরীক্ষা ব্যতীত সকল পরীক্ষায় ১০০ নম্বরের কুরআন মাজিদের মৌখিক পরীক্ষা গ্রহণ করা হয়। এছাড়াও সাধারণ জ্ঞান-১০০ নম্বর, সর্বাত্মক মৌখিক-৫০ নম্বর ও আমলী-৫০ নম্বরের পরীক্ষায় উত্তীর্ণ হতে হয়। আতফাল থেকে কামিল পর্যন্ত গ্রেডিং পদ্ধতিতে ফলাফল নির্ধারণ করা হয়। ফলাফল প্রকাশের পর প্রগ্রেস রিপোর্টের মাধ্যমে অভিভাবককে জানিয়ে দেয়া হয়।

## ফলাফল

কেন্দ্রীয় পরীক্ষার ফলাফল অত্র প্রতিষ্ঠানের সূচনালগ্ন থেকেই সন্তোষজনক। নিম্নে সম্প্রতি কয়েক বছরের ফলাফলের বিবরণ প্রদান করা হল-

| সাল | পরীক্ষা | মোট পরীক্ষার্থী | উত্তীর্ণ | পাশের হার | A+ |
|---|---|---|---|---|---|
| ২০১৯ | ইবতেদায়ী সমাপনী | ২২৮ | ২২০ | ৯৬.৪৯% | ৯৬ |
| | জে.ডি.সি | ৪০০ | ৩৯৮ | ৯৯.০৫% | ৪৬ |
| | দাখিল | ৫৩০ | ৫২৯ | ৯৯.৮১% | ২৩৮ |
| | আলিম | ৫৪৭ | ৫৪১ | ৯৮.৯০% | ১৯৫ |
| | ফাযিল | ১০৩ | ৯৫ | ৯২.২৩% | ২৯ |
| | কামিল | ১৩৩ | ১৩২ | ৯৯.২৪% | ০৮ |
| | অনার্স | ৭৫ | ৭৫ | ১০০% | ৪৩ |
| | মাস্টার্স | ৫৫ | ৫১ | ৯২.৭২ | ১০ (A) |
| ২০২০ | দাখিল | ৫৪২ | ৫৩৩ | ৯৮.৩৩% | ২৭৯ |
| | আলিম | ৬২২ | ৬২২ | ১০০% | ২৫১ |
| | ফাযিল | ১৩৪ | ১৩৪ | ১০০% | ২০ (A) |
| | কামিল | ৩৯৬ | ৩৭৬ | ৯৪.৯৪% | ২৬৩ (A) |
| | অনার্স | ১২৮ | ১২৭ | ৯৯.২১% | ৩৫ (A) |
| | মাস্টার্স | ৬৬ | ৬১ | ৯২.৪২% | ১৫ (A) |
| ২০২১ | দাখিল | ৫৩৩ | ৫৩৩ | ১০০% | ২৭০ |
| | আলিম | ৭৭৯ | ৭৭৯ | ১০০% | ৩১৮ |
| | ফাযিল | ৭৪ | ৬৩ | ৮৫.১৩% | ২৭ (A) |
| | কামিল | ১৮৪ | ১৭৯ | ৯৭.২৮% | ১৪৪ (A) |
| | অনার্স | ১৫২ | ১৫২ | ১০০% | ৩৭ (A) |
| | মাস্টার্স | ১০৮ | ১০৪ | ৯৬.২৯% | ৪০ (A) |
| ২০২২ | দাখিল | ৬৬২ | ৬৫৯ | ৯৯.৫৫% | ৪৩২ |
| | আলিম | ৯৭১ | ৯৬৯ | ৯৯.৯০% | ৬৬১ |
| | ফাযিল | ১৬১ | ১৫৪ | ৯৫.৬৫% | ২৩ |
| | অনার্স | ১৬৫ | ১৬৫ | ১০০% | |
| | কামিল | ২৬৯ | ২৬৩ | ৯৭.৭৬% | ৮ |
| ২০২৩ | দাখিল | ৭৩৬ | ৭৩১ | ৯৯.৩২% | ৪৫০ (A+) |
| | আলিম | ১২২৩ | ১২২০ | ৯৯.৫১% | ৭৬২ (A+) |
| | ফাযিল | ১৩৭ | ১৩৫ | ৯৭.১২% | |
| | অনার্স | ১৬৯ | ১৬৬ | ৯৮.২২% | |
| | কামিল | ২০২ | ১৯১ | ৯৪.৫৫% | |
| ২০২৪ | দাখিল | ৮৪৭ | ৮৪৪ | ৯৯.৬৪% | ৬৭৭ (A+) |
| | আলিম | ১২০৩ | ১১৯৮ | ৯৯.৯২% | ৭৬১ (A+) |
| ২০২৫ | দাখিল | ১০৫১ | ১০৪৬ | ৯৯.৮১% | ৭২৫ (A+) |
| | আলিম | ১২২৬ | ১২০৬ | ৯৯.৪২% | ৬২৬ (A+) |

# ভর্তি তথ্যাবলি

## শিক্ষাবর্ষ: ২০২৬

### সফফুল আতফাল (শিশু শ্রেণি)-আসসফফুত তাসে (নবম শ্রেণি)

প্রতি বছরের ন্যায় ২০২৬ শিক্ষাবর্ষে সফফুল আতফাল (শিশু শ্রেণি) থেকে আসসফফুত তাসে (নবম শ্রেণি) জামাতে সীমিত সংখ্যক শিক্ষার্থী ভর্তি করা হবে।

ভর্তির শর্তাবলী (পুরাতন ছাত্র) :

- অত্র প্রতিষ্ঠানে অধ্যয়নরত শিক্ষার্থী পরবর্তী জামাতে প্রমোশন পেতে হলে অবশ্যই বার্ষিক পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।
- বার্ষিক পরীক্ষায় অনুত্তীর্ণ শিক্ষার্থী পরবর্তী জামাতে প্রমোশন পাবে না এবং নতুন ছাত্রদের সাথে ভর্তি পরীক্ষায়ও অংশগ্রহণ করতে পারবে না।
- ইতঃপূর্বে মাদরাসার শৃঙ্খলা বিরোধী কোন কর্মকাণ্ডে জড়িত ছিল মর্মে প্রমাণিত হলে অত্র প্রতিষ্ঠানে ভর্তির অযোগ্য বলে বিবেচিত হবে।

**পুরাতন শিক্ষার্থীদের সেশন ফি পরিশোধ ও হাজিরা খাতায় নাম উঠানোর সময়সীমা :**

- **আসসফফুল আউয়াল (১ম শ্রেণি) থেকে আসসফফুর রাবে' (৪র্থ শ্রেণি):**
  ১৩/১২/২০২৫ থেকে ২৮/১২/২০২৫ ঈসায়ী পর্যন্ত।
- **আসসফফুল খামেস (৫ম শ্রেণি) থেকে আসসফফুত তাসে (৯ম শ্রেণি):**
  ১৩/১২/২০২৫ থেকে ২৮/১২/২০২৫ ঈসায়ী পর্যন্ত।

**বি.দ্র.: নির্ধারিত তারিখের পরে পুরাতন ছাত্রদের ভর্তি হওয়ার সুযোগ থাকবে না।**

## ০১. ভর্তির শর্তাবলী (নতুন ছাত্র):

- নির্ধারিত তারিখে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণপূর্বক উত্তীর্ণ হতে হবে।
- ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ হলে মাদারাসার নির্ধারিত কোটা অবশিষ্ট থাকা সাপেক্ষে ভর্তি হতে পারবে।
- প্রতিষ্ঠানের আদর্শ ও নিয়ম শৃঙ্খলা মান্য করা, ভর্তি যোগ্যতার অপরিহার্য শর্ত বলে বিবেচিত হবে।
- নির্ধারিত তারিখের মধ্যে ভর্তি না হলে ভর্তির অযোগ্য বলে বিবেচিত হবে।
- ৭ম শ্রেণিতে ভর্তির জন্য ২০২৫ সালে ৬ষ্ঠ শ্রেণির রেজিষ্ট্রেশন থাকতে হবে।
- ৮ম শ্রেণিতে ভর্তির জন্য ২০২৪ সালে ৬ষ্ঠ শ্রেণির রেজিষ্ট্রেশন থাকতে হবে।
- ৯ম শ্রেণিতে ভর্তির জন্য ২০২৪/২০২৫ সালে ৮ম শ্রেণির রেজিষ্ট্রেশন থাকতে হবে।

## ০২. বয়সসীমা:

| | |
|---|---|
| আতফাল (শিশু): সর্বনিম্ন ৫ বছর | খামেস (৫ম) : সর্বনিম্ন ১০ বছর |
| আউয়াল (১ম) : সর্বনিম্ন ৬ বছর | সাদেস (৬ষ্ঠ) : সর্বনিম্ন ১১ বছর (সর্বোচ্চ ১৪ বছর) |
| ছানী (২য়) : সর্বনিম্ন ৭ বছর | সাবে (৭ম) : সর্বনিম্ন ১২ বছর |
| ছালিছ (৩য়) : সর্বনিম্ন ৮ বছর | সামেন (৮ম) : সর্বনিম্ন ১৩ বছর (সর্বোচ্চ ১৬ বছর) |
| রাবে (৪র্থ) : সর্বনিম্ন ৯ বছর। | তাসে (৯ম) : সামেন (৮ম) জামাতের রেজি. থাকা |

## ০৩. ভর্তি পরীক্ষার প্রবেশপত্র সংগ্রহ :

**সময়:** সফফুল আতফাল (শিশু শ্রেণি) থেকে আসসফফুত তাসে (৯ম শ্রেণি)
০১/১১/২০২৫ থেকে ১২/১২/২০২৫ ঈসায়ী পর্যন্ত।

**পদ্ধতি:**

সরাসরি মাদরাসা অফিস থেকে প্রবেশপত্র সংগ্রহ করা যাবে। এজন্য ২০০ টাকা ও ১ কপি পাসপোর্ট সাইজের সদ্যতোলা রঙিন ছবি সঙ্গে আনতে হবে। অথবা
নিম্নোক্ত প্রক্রিয়া অনুসরণ করে অনলাইনে প্রবেশপত্র সংগ্রহ করা যাবে:
মাদরাসার ওয়েবসাইটে (https://dskm.ac.bd) প্রবেশ করে উপরের ডানপাশে 'অনলাইন আবেদন' মেনুতে ক্লিক করে 'ভর্তি পরীক্ষার প্রবেশপত্র' লিংকে প্রবেশ করে
অথবা কিউআর কোড স্ক্যান করলে একটি ফরম ওপেন হবে। ফরমের চাহিত তথ্যাদি পূরণ করে 'সাবমিট' করতে হবে।

- প্রবেশপত্র ফি অনলাইনের বিকাশের মাধ্যমে পেমেন্ট করতে পারবে।
- সাবমিট সম্পন্ন হলে 'এডমিট প্রিন্ট' বাটনে ক্লিক করে প্রবেশপত্র ডাউনলোড ও প্রিন্ট করে সংরক্ষণ করতে হবে।
- প্রবেশপত্রে প্রদত্ত নির্দেশনা মোতাবেক নির্ধারিত তারিখ ও সময়ে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

## ০৪. ভর্তি পরীক্ষা গ্রহণ :

**সফফুল আতফাল (শিশু শ্রেণি) থেকে আসসফফুত তাসে (৯ম শ্রেণি)**

ক. লিখিত পরীক্ষা : ১৩/১২/২০২৫ ঈসায়ী, রোজ: শনিবার, সকাল: ৯.০০ ঘটিকা
খ. মৌখিক পরীক্ষা : ১৩/১২/২০২৫ ঈসায়ী, রোজ: শনিবার, সকাল: ১১.০০ ঘটিকা
ফলাফল প্রকাশ : ১৩/১২/২০২৫ ঈসায়ী, রোজ: শনিবার, বিকাল: ৪.০০ ঘটিকা

**০৫. ভর্তির সময় :** সফফুল আতফাল (শিশু শ্রেণি) থেকে আসসফফুত তাসে (৯ম শ্রেণি)
১৩/১২/২০২৫ থেকে ১৫/১২/২০২৫ ঈসায়ী পর্যন্ত

**০৬. ক্লাস শুরু :** ০১/০১/২০২৬ ঈসায়ী, রোজ: বৃহস্পতিবার

**০৭. ভর্তি প্রক্রিয়া :**
ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ হলে অনলাইন ভর্তি ফরম পূরণ করতে হবে।
**https://digiedubd.com/3/Home/application_form** লিঙ্কে প্রবেশ করে অথবা কিউআর কোড স্ক্যান করে অনলাইন ভর্তি ফরম পূরণ করে সাবমিট দেওয়ার পর প্রিন্টআউট কপি নিয়ে মাদরাসা অফিসে আসতে হবে।
অনাবাসিক ক্যাটাগরিতে ভর্তিচ্ছু শিক্ষার্থীকে ভর্তি কমিটির কাছ থেকে পে-স্লিপ গ্রহণপূর্বক মাদরাসা অফিসে ভর্তি ফি পরিশোধ করে ভর্তি নিশ্চিত করতে হবে।

- আবাসিক ক্যাটাগরিতে ভর্তিচ্ছু শিক্ষার্থীকে ভর্তি কমিটির কাছ থেকে পে-স্লিপ গ্রহণপূর্বক প্রথমত ছাত্রাবাস অফিসে
- ছাত্রাবাস ভর্তি ফি, জানুয়ারি মাসের সিটভাড়া ও মিল চার্জ জমা দিয়ে ছাত্রাবাসের সিট নিশ্চিত করতে হবে। অতঃপর মাদরাসা অফিসে ভর্তি ফি জমা দিয়ে ভর্তি নিশ্চিত করতে হবে।
- ভর্তির জন্য শিক্ষার্থীর জন্মনিবন্ধন সনদের ফটোকপি, পিতা ও মাতার জাতীয় পরিচয় পত্রের ফটোকপি, ৯ম শ্রেণির ক্ষেত্রে জেডিসি রেজি. কার্ড ও প্রশংসা পত্রের মূল কপি এবং ২কপি পাসপোর্ট সাইজের সদ্যতোলা রঙিন ছবি ভর্তি ফরমের সাথে সংযুক্ত করতে হবে।

## লিখিত পরীক্ষার বিষয় ও মানবণ্টন

| আতফাল থেকে রাবে (শিশু থেকে চতুর্থ) | | খামেস থেকে তাসে (পঞ্চম থেকে নবম সাধারণ ও ব্যবসায় শিক্ষা) | | নবম বিজ্ঞান |
|---|---|---|---|---|
| ০১. আরবী | ১০ | ০১. আরবী | ৫০ | ৩০ |
| ০২. বাংলা | ১০ | ০২. বাংলা | ১০ | ১০ |
| ০৩. ইংরেজি | ১০ | ০৩. গণিত | ১০ | ১৫ |
| ০৪. গণিত | ১০ | ০৪. ইংরেজি | ১০ | ১০ |
| | | ০৫. সাধারণ জ্ঞান | ১০ | ১০ |
| | | ০৬. বিজ্ঞান | - | ১৫ |
| মোট | ৪০ | মোট | ৯০ | ৯০ |
| ভাইভা | ১০ | ভাইভা | ১০ | ১০ |
| সর্বমোট | ৫০ | **সর্বমোট** | ১০০ | ১০০ |

**বি. দ্র.:**
* আতফাল (শিশু) থেকে রাবে' (চতুর্থ) জামাত পর্যন্ত লিখিত ও মৌখিক পরীক্ষা হবে।
* খামেস (পঞ্চম) থেকে তাসে (নবম) জামাত পর্যন্ত MCQ ও মৌখিক পরীক্ষা হবে।
* তাখসীসি, মহিলা শাখাসহ অন্যান্য শাখার ভর্তি কার্যক্রম স্ব স্ব ক্যাম্পাসে সম্পন্ন হবে।

## বিভিন্ন জামাতের ভর্তি ফি ও মাসিক বেতন

| জামাত | ভর্তি ফি (জানুয়ারী মাসের বেতনসহ) | মাসিক বেতন (বিদ্যুৎ বিলসহ) |
|---|---|---|
| আতফাল (শিশু) থেকে রাবে' (চতুর্থ) | ৫৪০০/- | ১০০০/- |
| খামেস (পঞ্চম) | ৫১০০/- | ৭০০/- |
| সাদেস (ষষ্ঠ) | ৫৪০০/- | ৭০০/- |
| সাবে (সপ্তম) | ৫১০০/- | ৭০০/- |
| সামেন (অষ্টম) ও তাসে (নবম) | ৫৪০০/- | ৭০০/- |

## আবাসিক ব্যবস্থা

দারুননাজাত সিদ্দীকিয়া কামিল মাদরাসা মূলত একটি আবাসিক শিক্ষাপ্রতিষ্ঠান। আবাসিক ছাত্রদের জন্য রয়েছে বেশ কয়েকটি হল-

- সৈয়দ আহমদ বেরলভী (রহ.) হল
- সূফী নূর মোহাম্মদ নিজামপুরী (রহ.) হল
- আল্লামা নিয়াজ মাখদূম খোতানী (রহ.) হল
- সূফী ফতেহ আলী ওয়ায়েছী (রহ.) হল
- ছালেহিয়া হল
- রিয়াজুল জান্নাত ছাত্রাবাস (২-৬, ৮ ও ১২)

প্রতিটি হল এক একটি এলাকা হিসেবে পরিচালিত। প্রতি এলাকায় মাদরাসার দুজন শিক্ষক পরিচালকের সার্বিক তদারকিতে পরিচালিত। সকল আবাসিক হলের সার্বিক পরিচালনার মূল দায়িত্ব অধ্যক্ষ মহোদয় পালন করেন।

## আবাসন প্রক্রিয়া

দারুননাজাত সিদ্দীকিয়া কামিল মাদরাসা আবাসিক প্রতিষ্ঠান হওয়ায় আবাসনের ভিত্তিতেই এখানে ছাত্র ভর্তি করা হয়। ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ হলে ভর্তি কমিটি থেকে পে স্লিপ গ্রহণ করে ছাত্রাবাস অফিসে গিয়ে নির্ধারিত ফি জমা দিয়ে সিট নিশ্চিত করতে হয়। প্রতি মাসের সিট ভাড়া ও খাবার চার্জ মাসের ৫ তারিখের মধ্যে পরিশোধ করতে হয়। উল্লেখ্য, বাজারদর হিসেবে খাবার চার্জ বিভিন্ন মাসে কম-বেশি হয়ে থাকে। হোস্টেলে অবস্থানের জন্য চৌকি, টেবিল, প্রয়োজনীয় বিছানাপত্র ও প্লেট, গ্লাস ইত্যাদি নিজ দায়িত্বে সংগ্রহ করতে হয়।

## আবাসিক শিক্ষার্থীদের দৈনিক খাবার তালিকা

| বার | সকাল | দুপুর | রাত |
|---|---|---|---|
| শনিবার | খিচুড়ি | বড় মাছ | মুরগি ও মুগডাল |
| রবিবার | ডিম | মুরগী | ডাল ও মুরগী |
| সোমবার | আলুর ভর্তা | বড় মাছ | ডিম |
| মঙ্গলবার | ভূনা খিচুড়ি | গরুর গোস্ত | সবজি |
| বুধবার | আলুর ভর্তা | মুরগী | ডিম |
| বৃহস্পতিবার | মুরগি ও ডাউল | গরুর গোস্ত | ডিম |
| শুক্রবার | মুগডাল ও মুরগি | গরুর গোস্ত ও তরকারী | সবজি |

বি. দ্র.: প্রতি বেলা সাদাভাত-তরকারীর সাথে মুশুরী ডাল থাকবে।

**আবাসিক চার্জের বিবরণ**
(খাবার, সিট ভাড়া ও বিদ্যুৎ ও মেইনটেনেন্স ফি)

| ক্র. নং | অবস্থান | টাকার পরিমাণ | টাকা পরিশোধের শেষ তারিখ |
|---|---|---|---|
| ০১ | মূল ক্যাম্পাসের ভিতরের হলসমূহ | ৪০০০-৪৫০০ | হিসাব শুরু হওয়ার ৫ তারিখের মধ্যে প্রতি মাসের টাকা পরিশোধ করতে হবে। |
| ০২ | রিয়াজুল জান্নাত - ২, ৫, ৬, ৮ ও ১২ | ৪০০০-৪৫০০ | |

বি. দ্র.: বাজার মূল্যের সাথে টাকার পরিমাণ কম-বেশি হতে পারে।

## ভর্তি সংক্রান্ত প্রয়োজনে


**দারুননাজাত সিদ্দীকিয়া কামিল মাদরাসা (মূল ক্যাম্পাস)**

০১৩০৯-১০৭৯০৬ (অধ্যক্ষ), ০১৮১৬-১০১৪০০ (উপাধ্যক্ষ), ০১৭১২-৫৫৭৬২০ (উপাধ্যক্ষ-২)
অফিস: ০১৯১৬-৬০৪২২৫, ০১৮১৮২৬৭০৫৬, ০১৯১৩৬৩১৩২২, ০১৮১৪৪৯৪৪৯৬
আইসিটি: ০১৭৯৯৫৯৬৯৫৩, ০১৯১২৩০৪০৮৯, ০১৯১১৪৫৩৮৯৯, ০১৭৩৪৭৯২১১০, ০১৭৩৪৭৯২১১০
E-mail: darunnazat90@gmail.com, Web: https://dskm.ac.bd
facebook page : facebook.com/darunnazat1990


| অন্যান্য শাখা | |
|---|---|
| দারুননাজাত মহিলা মাদরাসা | ০১৫৫২৩৯৭৩৪২, ০১৭৭৯৫৬৯৫৭০ |
| তালীমুল কুরআন একাডেমী (ক্যাম্পাস-২) | ০১৭৫৭৫৫১৩৩০, ০১৮৩৯২১৭৮৪১ |
| দারুননাজাত তাখসীসি মাদরাসা | ০১৭১৯৪৩৯৬৩৪, ০১৭২৯৩২২০৭৯, ০১৮১২৯৮৮৫৮০ |
| তাখসীসি কিতাব বিভাগ | ০১৬০৯৫৫১৩৮৪, ০১৬৪৭৩৮৪৭৬১ |
| তাখসীসি ইলমুল কুরআন বিভাগ | ০১৮৫০২৪৩৩৯৫, ০১৫২১২০৬০৩৭ |
| দারুননাজাত মাদরাসা কিতাব বিভাগ | ০১৯২৩১৩০৫৬৫ |
| দারুননাজাত হিফজুল কুরআন একাডেমী | ০১৭১২৮৯১৪৯৩, ০১৮৬১১১২৩২৪ |
| নেছারিয়া হিফজখানা | ০১৭৮১৬৩৭৯৪০, ০১৭৫৭৫৫১৩৩০, ০১৯১৮৬৮৫৮৩৫ |